গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির ফলোআপ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আকরাম-আল-হোসেন<br>সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| স্থান | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| তারিখ | : | ০৫.০৮.২০২০ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে কর্মসূচি গ্রহণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ে ২৯ জুলাই ২০২০ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্যকার ফলোআপ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে দিবসটি পালনের উদ্দেশ্যে ২৯ জুলাই ২০২০ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রমিক | গৃহীত কর্মসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল ও শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহে ১৫ আগস্ট ২০২০ তারিখে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | দপ্তর/সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ডিজি; ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |
| ২. | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং পিটিআইসমূহের মসজিদে বাদ যোহর সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠানের আয়োজন। | দপ্তর/সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ডিজি; ডিপিই, ও ডিজি, নেপ। |
| ৩. | (ক) প্রাথমিক বিদ্যালয়ে পোস্টার বিতরণ করতে হবে।<br>(খ) তথ্য মন্ত্রণালয়ে ২,১০,০০০টি পোস্টারের চাহিদা পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ডিপিইও এবং ইউইওগণ জেলা তথ্য অফিস হতে পোস্টার গ্রহণ করবেন। | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা কর্তৃক এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তথ্য মন্ত্রণালয়ে পোস্টারের চাহিদাপত্র পেরণ করা হয়েছে। জেলা তথ্য অফিস হতে ডিপিইওগণ পোস্টার গ্রহণ করেছেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি, ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক ও উপসচিব (প্রশাসন-২)। |
| ৪. | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সকল প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গাতিপূর্ণ কবিতা পাঠ, রচনা প্রতিযোগিতা, পঠন দক্ষতার প্রতিযোগিতা, হামদ্ ও নাত্ প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন।<br><br>সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন। | দপ্তর/সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>সংসদ বাংলাদেশ টেলিভিশনে বর্ণিত অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করা হচ্ছে। | ডিজি; ডিপিই, বিএনএফই এবং পরিচালক; শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক।<br><br>ডিজি; ডিপিই। |

| ক্রমিক | গৃহীত কর্মসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫. | জেলা ও উপজেলার স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।<br><br>ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী ও আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণে বিকাল ৪:০০টায় বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজন।<br><br>জেলা ও উপজেলাতে শিক্ষকদের নিয়ে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে ১৫ আগস্ট ২০২০ বিকাল ০৪:০০ ঘটিকায় বঙ্গবন্ধু জীবনীভিত্তিক আলোচনা সভা আয়োজন করতঃ এ আলোচনা অনুষ্ঠানে যাতে কর্মকর্তা/ কর্মচারী/ শিক্ষকগণ ভার্চুয়ালি/Live-এ দেখতে পারেন তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>মেন্টরগণ জেলায় ডিপিইও কর্তৃক আয়োজিত কর্মকর্তা/ কর্মচারী/শিক্ষক/শিক্ষার্থীদের নিয়ে ভার্চুয়াল আলোচনা সভায় অংশগ্রহণ করতে পারেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন); ডিজি; ডিজি, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক, সকল মেন্টরগণ। |
| ৬. | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য বর্ণিত গ্রন্থসমূহ ক্রয় ও পঠনের ব্যবস্থা গ্রহণ। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল প্রতিযোগিতায় বর্ণিত গ্রন্থসমূহ উপহার হিসেবে প্রদান। | দপ্তর/সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ডিজি ডিপিই। |
| ৭. | জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২,০০০/- (দুই হাজার) টাকা করে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ। | অর্থ ছাড় করা হয়েছে। | অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) এবং<br>ডিজি ডিপিই। |
| ৮. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ কর্মসূচি সকল দপ্তর/সংস্থা ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করবে। | দপ্তর/সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ডিজি ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রকল্প পরিচালক; রস্ক। |

০২। বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয়ের বিষয়ে মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মনিটরিং করবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৬/০৮/২০২০
(মোঃ আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৬৯৬

তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৭ / ০৬ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন/ বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৯. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৩. প্রকল্প পরিচালক, রস্ক, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৪. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপসচিব (সকল)/উপপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
১৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
২০. সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই, ঢাকা।
২১. জনাব ........................................................................ ....................................।
২২. অফিস কপি।

মাহবুবুর রশীদ ০৫/০৮/2020

( ড. মোঃ মাহবুবুর রশীদ )
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১